**তাগিদ পত্র-১**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
অডিট-১ শাখা
www.lgd.gov.bd

| শেখ হাসিনার মূলনীতি<br>গ্রাম শহরের উন্নতি |
|---|

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.১৬.০০১.২৩-২৫৮

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩১ / ০১ জুলাই ২০২৪

**বিষয়: Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) ব্যবহার করে অডিট আপত্তির সংখ্যাগত Reconciliation করণ প্রসঙ্গে**

সূত্র: ১) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.১৬.০০১.২৩-১৯৭; তারিখ: ২৭/০৪/২০২৩ খ্রি.
২) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.১৬.০০১.২৩-৫৩; তারিখ: ২১/০১/২০২৪ খ্রি.
৩) স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তরের স্মারক নং-৮২.২১.০০০০.০০১.৩৫.০০১.২১.২১১৮; তারিখ: ২৩/০৫/২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকসমূহের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে অডিট কার্যক্রমকে ডিজিটালাইজড করার লক্ষ্যে বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (সিএজি) এর কার্যালয় কর্তৃক Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) ডেভেলপ করা হয়েছে। AMMS-2.0 ব্যবহার করে মন্ত্রণালয়/বিভাগ এবং এর অধীন অধিদপ্তর/পরিদপ্তর, সংস্থা এবং দপ্তরসমূহের অডিট আপত্তির জবাব প্রদান, নিষ্পত্তির প্রক্রিয়া এবং হালনাগাদ অবস্থা মনিটরিং করতে পারবে। ইতোমধ্যে AMMS-2.0 এর ব্যবহার বিষয়ে অডিটি প্রতিষ্ঠানকে User ID ও Password প্রদান করা হয়েছে। AMMS-2.0 এ রক্ষিত অডিট আপত্তির সংখ্যার সাথে এ স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে সংখ্যাগত Reconciliation করা প্রয়োজন।

২। এ পর্যায়ে স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার অডিট আপত্তির সংখ্যাগত Reconciliation বিষয়ে সম্পূর্ণ তথ্য উপাত্ত প্রেরণ করা হয়নি মর্মে অডিট অধিদপ্তর হতে জানানো হয়েছে। আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং সিএজি কার্যালয়ের নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার AMMS-2.0 এ বিদ্যমান অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে অডিট অধিদপ্তরের সাথে Reconciliation করার লক্ষ্যে তথ্য উপাত্ত সরবরাহের জন্য অডিট অধিদপ্তর হতে অনুরোধ করা হয়েছে। অন্যথায় এ কার্যালয়ের অডিট আপত্তির সংখ্যাগত তথ্যই চূড়ান্ত হিসাবে গণ্য হবে মর্মেও অডিট অধিদপ্তর হতে জানানো হয়েছে। বর্ণিত ১ ও ২ নং সূত্রে এ বিষয়ে কার্যক্রম গ্রহণের জন্য ইতোপূর্বে পত্র প্রেরণ করা হয়েছে। কিন্তু নিরীক্ষার আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের অডিট অনুচ্ছেদের সংখ্যার সঙ্গে AMMS-2.0 সফ্টওয়্যারের সঙ্গে Reconcile (সংগতিসাধন) করার বিষয়ে কাম্য অগ্রগতি ও কর্মতৎপরতা পরিলক্ষিত হচ্ছে না।

৩। এমতাবস্থায়, আধুনিক ও স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে এবং সিএজি কার্যালয়ের নির্দেশনা মোতাবেক স্থানীয় সরকার বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার Audit Management and Monitoring System-2.0 (AMMS-2.0) এ বিদ্যমান অডিট আপত্তির সংখ্যাগত বিষয়ে সংশ্লিষ্ট অডিট অধিদপ্তরের সাথে Reconciliation করার লক্ষ্যে প্রয়োজনীয় তথ্য উপাত্ত সরবরাহের জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হলো।

০১/০৭/২০২৪

মোঃ মাহবুবুর রহমান ভুঁইয়া
উপসচিব
ফোনঃ ০২২২৩৩৫৭২৩২
ই-মেইল:lgaudit1@lgd.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১) প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (নিজ দপ্তরসহ আওতাধীন সকল দপ্তর/প্রকল্পের জন্য)
২) প্রধান প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (নিজ দপ্তরসহ আওতাধীন সকল দপ্তর/প্রকল্পের জন্য)
৩) রেজিস্ট্রার জেনারেল, রেজিস্ট্রার জেনারেলের দপ্তর, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (নিজ দপ্তর ও প্রকল্পের জন্য)
৪) মহাপরিচালক, জাতীয় স্থানীয় সরকার ইনস্টিটিউট, আগারগাঁও, ঢাকা
৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন (সকল)
৬) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা/চট্টগ্রাম/খুলনা/রাজশাহী ওয়াসা
৭) পরিচালক, বিভাগীয় কমিশনারের কার্যালয়, সকল বিভাগ (জেলা পরিষদ, উপজেলা পরিষদ, পৌরসভা ও ইউনিয়ন পরিষদের জন্য)
৮) সিনিয়র সহকারী সচিব, অডিট-২/৩, স্থানীয় সরকার বিভাগ (সংশ্লিষ্ট দপ্তর/সংস্থার সঙ্গে সমন্বয় করার অনুরোধসহ)
৯) হিসাব রক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, স্থানীয় সরকার বিভাগ (সচিবালয়ের জন্য)

স্মারক নং-৪৬.০০.০০০০.০৪৮.১৬.০০১.২৩-**২৫৮/১(৮)**

তারিখ: ১৭ আষাঢ় ১৪৩১ / ০১ জুলাই ২০২৪

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. যুগ্মসচিব (সকল অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপরিচালক, স্থানীয় সরকার ও পল্লী উন্নয়ন অডিট অধিদপ্তর,অডিট কমপ্লেক্স (৬ষ্ঠ তলা), সেগুনবাগিচা, ঢাকা
৪. মহাপরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্প অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স (৭ম তলা), সেগুনবাগিচা, ঢাকা
৫. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
৭. অতিরিক্ত সচিব (প্রশাসন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৮. যুগ্মসচিব (অডিট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ (যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

০১/০৭/২০২৪

মোঃ মাহবুবুর রহমান ভুঁইয়া
উপসচিব